

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৮৮৮  
কুমারঘাট, ২৯ নভেম্বর, ২০২৩

### কুমারঘাট পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব

বিমল সিনহা শপিং কমপ্লেক্সে গতকাল কুমারঘাট পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। বিধায়ক ভগবান চন্দ্র দাস যুব উৎসবের উদ্বোধন করে বলেন, এই ধরনের উৎসব যুবক যুবতীদের মনে যেমন উচ্ছ্বাস তৈরী করে তেমনি তাদের সাংস্কৃতিক কর্মকাণ্ডের প্রতি আরও বেশী আকৃষ্ট করে তোলে। সভাপতির ভাষণে কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস বলেন, এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে সমাজ উপকৃত হয়। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপমুখ্য কার্যনির্বাহী আধিকারিক অভিজিৎ কুমার দাস, বিশিষ্ট সমাজসেবী পবিত্র দেবনাথ, অনিমেষ সিনহা প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে একক লোকনৃত্য, একক লোকসংগীত, সমবেত লোকনৃত্য, সমবেত লোকসংগীত, বক্তৃতা, আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*